খুলনা বিশ্ববিদ্যালয়
ইংরেজি ডিসিপ্লিন

স্মারক নং-খুবি/ইং/১৮/৯৯ তারিখঃ ০৪/১২/১৬খ্রিঃ

এম এ ইন ইংলিশ ল্যাংগুয়েজ প্রোগ্রাম (শিক্ষাবর্ষ ২০১৫-২০১৬, ১ম ব্যাচ) ভর্তি বিজ্ঞপ্তি

১। **প্রোগ্রামের মেয়াদ** ঃ ০১ বছর (০৩ টার্ম)

২। **আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ঃ**

(ক) প্রার্থীর এস এস সি থেকে শুরু করে পরবর্তী সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ থাকতে হবে।

(খ) **উপরন্তু, প্রার্থীর নিম্নলিখিত যে কোনো একটি যোগ্যতা থাকতে হবে ঃ**

স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয়/সমমানের প্রতিষ্ঠান থেকে (i) ইংরেজি ভাষা/সাহিত্য/ভাষাবিজ্ঞান-এ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; (ii) ইংরেজি ভাষা/সাহিত্য/ভাষাবিজ্ঞান-এ ০৩ (তিন) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ও ০১ (এক) বছর মেয়াদি স্নাতকোত্তর ডিগ্রি; (iii) ০৩ (তিন) বছর মেয়াদি স্নাতক ও ১ অথবা ২ বছর মেয়াদি স্নাতকোত্তর ডিগ্রি। তবে শর্ত থাকে যে, প্রার্থীর স্নাতক পর্যায়ে আবশ্যিক ইংরেজি বিষয়ে ন্যূনতম ৪৫% মার্কস/সিজিপিএ ২.৫ থাকতে হবে; (iv) ০২ (দুই) বছর মেয়াদি স্নাতক সহ ০২ (দুই) বছর মেয়াদি স্নাতকোত্তর ডিগ্রি এবং কমপক্ষে ০২ (দুই) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে; (v) খুলনা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি ব্যতীত অন্য কোনো ডিসিপ্লিন থেকে স্নাতক ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্নাতক পর্যায়ে আবশ্যিক ইংরেজি বিষয়ে ন্যূনতম সিজিপিএ ৩.০ থাকতে হবে। (গ) স্নাতক (সম্মান)/মাস্টার্স অবতীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবেন। তবে ভর্তির সময় অবশ্যই পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রমাণপত্র দাখিল করতে হবে।

৩। চাকুরিরত প্রার্থীদের আবেদনপত্রের সাথে নিয়োগকর্তা প্রদত্ত অভিজ্ঞতা সনদপত্র দাখিল করতে হবে। ভর্তির জন্য মনোনীত হলে তিনি শিক্ষা কার্যক্রমে নিরবিচ্ছিন্নভাবে অংশ নিতে পারবেন মর্মে নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করবেন।

৪। প্রোগ্রামটি নিজ খরচে সম্পন্ন করতে হবে। প্রোগ্রাম ফি সর্বমোট =৬৯,৮০০/- (উনসত্তর হাজার আটশত) টাকা মাত্র/- (বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি ব্যতীত), যা তিন টার্মে প্রদেয়। সেমিনার লাইব্রেরী ফি বাবদ অতিরিক্ত ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ভর্তির সময়ে এককালীন প্রদেয়।

৫। ইংরেজি ভাষা/সাহিত্য/ভাষা বিজ্ঞান-এ স্নাতক (সম্মান) ব্যতীত প্রার্থীগণ কে ২০ (বিশ) ঘন্টার একটি নন-ক্রেডিট কোর্স সম্পন্ন করতে হবে। এই কোঁসের জন্য প্রার্থী কে অতিরিক্ত ২৮০০/- (দুই হাজার আটশত) টাকা প্রদান করতে হবে।

৬। সর্বোচ্চ বয়সসীমা ৫০ বছর।

৭। আবেদনপত্রের সাথে সকল পরীক্ষার সত্যায়িত মার্কশীট, সনদপত্রের কপি এবং প্রযোজ্য অন্য সব সনদপত্রের কপি ও পাসপোর্ট সাইজের ২ (কপি) ছবি সংযুক্ত করতে হবে।

৮। অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখায় সঞ্চয়ী হিসাব নং- ৬০৬৩ তে টাকা ১৫০০/- (এক হাজার পাঁচশত টাকা মাত্র) জমা দিয়ে ভর্তি ফরম ও ভর্তি পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য সংগ্রহ করা যাবে। **০৭/১২/২০১৬ খ্রিঃ থেকে ১১/০১/২০১৭ খ্রিঃ পর্যন্ত আবেদনপত্র সংগ্রহ ও ১২/০১/২০১৭ খ্রিঃ তারিখ ইংরেজি ডিসিপ্লিন কার্যালয়ে সকাল ১০ঃ০০টা থেকে বিকাল ৪ঃ০০টা পর্যন্ত ফরম জমা দেওয়া যাবে।** ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলী ইংরেজি ডিসিপ্লিন কার্যালয়ে যোগাযোগ করে/খুলনা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট www.ku.ac.bd দেখে জেনে নিয়ে আবেদন করার পরামর্শ দেওয়া হলো।

ভর্তি পরীক্ষা আগামী ২১/০১/২০১৭ খ্রিঃ সকাল ৩ঃ০০টা থেকে ৪ঃ০০টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

বি. দ্র. এম এ ইন ইংলিশ ল্যাংগুয়েজ (শিক্ষাবর্ষ ২০১৪-১৫, ২য় ব্যাচ) এর ভর্তির জন্য যে সকল প্রার্থী আবেদন করেছিলেন তাদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই। যোগ্যপ্রার্থীর তালিকায় নাম অন্তর্ভূক্ত হলে ভর্তি পরীক্ষায় তারা অংশগ্রহণ করতে পারবেন। সম্প্রতি ইউজিসি কর্তৃক যে সকল বিশ্ববিদ্যালয়ের সনদ অবৈধ ঘোষিত হয়েছে সে সকল প্রতিষ্ঠানের সনদধারীদের আবেদন গৃহীত হবে না।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. সাবিহা হক)
প্রধান, ইংরেজি ডিসিপ্লিন
ও
সভাপতি
এম এ ইন ইংলিশ ল্যাংগুয়েজ ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ ২০১৫-১৬, ১ম ব্যাচ)
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা- ৯২০৮

খুলনা বিশ্ববিদ্যালয়
ইংরেজি ডিসিপ্লিন
এম এ ইন ইংলিশ ল্যাংগুয়েজ প্রোগ্রাম (শিক্ষাবর্ষ ২০১৫-২০১৬, ১ম ব্যাচ)
ভর্তি সংক্রান্ত তথ্যাবলী

১। **প্রোগ্রামের মেয়াদ ঃ** ০১ বছর (০৩ টার্ম)

২। **আসন সংখ্যা ঃ** সাধারণ আসন সংখ্যা ৫৫ (পঞ্চান্ন)। এছাড়া, মুক্তিযোদ্ধা ও উপজাতি কোটায় আরও ১টি করে মোট ২টি আসন সংরক্ষিত থাকবে। প্রয়োজনে ভর্তি কমিটি আসন সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। কোটায় আসন শূন্য থাকলে সাধারণ অপেক্ষমান তালিকা থেকে মেধাক্রম অনুযায়ী আসন পূর্ণ করা হবে।

৩। **আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ঃ**

(ক) প্রার্থীর এস এস সি থেকে শুরু করে পরবর্তী সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ থাকতে হবে।

খ) **উপরন্তু, প্রার্থীর নিম্নলিখিত যে কোনো একটি যোগ্যতা থাকতে হবে ঃ**

(i) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/সমমানের প্রতিষ্ঠান থেকে ইংরেজি ভাষা/সাহিত্য/ভাষাবিজ্ঞান-এ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি।

(ii) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/সমমানের প্রতিষ্ঠান থেকে ইংরেজি ভাষা/সাহিত্য/ভাষাবিজ্ঞান-এ ০৩ (তিন) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ও ০১ (এক) বছর মেয়াদি স্নাতকোত্তর ডিগ্রি।

(iii) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/সমমানের প্রতিষ্ঠান থেকে ০৩ (তিন) বছর মেয়াদি স্নাতক ও ০১/০২ বছর মেয়াদি স্নাতকোত্তর ডিগ্রি। তবে শর্ত থাকে যে, প্রার্থীর স্নাতক পর্যায়ে আবশ্যিক ইংরেজি বিষয়ে ন্যূনতম ৪৫% মার্কস/সিজিপিএ ২.৫ থাকতে হবে।

(iv) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/সমমানের প্রতিষ্ঠান থেকে ০২ (দুই) বছর মেয়াদি স্নাতক ও ০২ (দুই) বছর মেয়াদি স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। এ ছাড়াও কমপক্ষে ০২ (দুই) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।

(v) খুলনা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি ব্যতীত অন্য কোনো ডিসিপ্লিন থেকে স্নাতক ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্নাতক পর্যায়ে আবশ্যিক ইংরেজি বিষয়ে ন্যূনতম সিজিপিএ ৩.০ থাকতে হবে।

গ) স্নাতক (সম্মান)/ মাস্টার্স অবতীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবেন। তবে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হলে তাঁদেরকে অবশ্যই স্নাতক (সম্মান)/মাস্টার্স পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রমাণপত্র দাখিল করতে হবে। অন্যথায় তাদের ভর্তির জন্য মনোনয়ন বাতিল হয়ে যাবে।

৪। চাকুরিরত প্রার্থীদের আবেদনপত্রের সাথে নিয়োগকর্তা প্রদত্ত অভিজ্ঞতা সনদপত্র দাখিল করতে হবে। ভর্তির জন্য মনোনীত হলে তিনি শিক্ষা কার্যক্রমে নিরবিচ্ছিন্নভাবে অংশ নিতে পারবেন মর্মে নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করবেন।

৫। প্রোগ্রামটি নিজ খরচে সম্পন্ন করতে হবে। প্রোগ্রাম ফি সর্বমোট =৬৯,৮০০/- (উনসত্তর হাজার আটশত) টাকা মাত্র/- (বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি ব্যতীত), যা তিন টার্মে প্রদেয়। সেমিনার লাইব্রেরী ফি বাবদ অতিরিক্ত ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ভর্তির সময়ে এককালীন প্রদেয়।

৬। ইংরেজি ভাষা/সাহিত্য/ভাষা বিজ্ঞান-এ স্নাতক (সম্মান) ব্যতীত প্রার্থীগণ কে ২০ (বিশ) ঘন্টার একটি নন-ক্রেডিট কোর্স সম্পন্ন করতে হবে। এই কোর্সের জন্য প্রার্থী কে অতিরিক্ত ২৮০০/- (দুই হাজার আটশত) টাকা প্রদান করতে হবে।

৭। সর্বোচ্চ বয়সসীমা ৫০ বছর।

৮। **আবেদনপত্রের সাথে ছবিসহ নিম্নলিখিত সনদপত্র সংযুক্ত করতে হবেঃ**

ক) সকল পরীক্ষার সত্যায়িত মার্কশীট ও সনদপত্রের কপি এবং প্রযোজ্য অন্য সব সনদপত্রের কপি।

খ) পাসপোর্ট সাইজের ২ (কপি) ছবি

৯। **অগ্রণী ব্যাংক খুলনা বিশ্ববিদ্যালয় শাখার সঞ্চয়ী হিসাব নং ৬০৬৩ তে টাকা ১৫০০/- (এক হাজার পাঁচশত টাকা মাত্র) জমা দিয়ে ০৭/১২/২০১৬ থেকে ১১/০১/২০১৭ খ্রিঃ পর্যন্ত আবেদনপত্র সংগ্রহ করা যাবে। ইংরেজি ডিসিপ্লিন কার্যালয়ে সকাল ১০ঃ০০ টা থেকে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত প্রতিদিন (ছুটির দিন ব্যতীত) ১২/০১/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত আবেদনপত্র গ্রহণ করা হবে।**

১০। ভর্তি পরীক্ষা ইংরেজি ভাষা (Grammar, Composition & Translation) বিষয়ের ওপরে অনুষ্ঠিত হবে।

১১। ভর্তি পরীক্ষার ফলাফল নিজ দায়িত্বে ইংরেজি ডিসিপ্লিনের নোটিশ বোর্ড/ খুলনা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট www.ku.ac.bd দেখে জেনে নিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

১২। যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ ও ভর্তি সংক্রান্ত তথ্যাবলীঃ

ক) যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ	ঃ ১৫/০১/২০১৭ খ্রিঃ
খ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	ঃ ২১/০১/২০১৭ খ্রিঃ বিকাল ৩ঃ০০টা থেকে ৪ঃ০০টা পর্যন্ত
গ) উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রকাশের তারিখ	ঃ ২২/০১/২০১৭ খ্রিঃ
ঘ) সাধারণ আসন থেকে ভর্তি	ঃ ২৪/০১/২০১৭ খ্রিঃ সকাল ৯ঃ৩০টা থেকে ১২ঃ০০টা পর্যন্ত
ঙ) অপেক্ষমান তালিকায় ভর্তির জন্য প্রার্থীদের নিবন্ধন	ঃ ২৪/০১/২০১৭ খ্রিঃ সকাল ১০ঃ৩০টা থেকে ১১ঃ৩০টা পর্যন্ত
চ) অপেক্ষমান তালিকায় নির্বাচিত প্রার্থীদের ভর্তি	ঃ ২৪/০১/২০১৭ খ্রিঃ সকাল ১২ঃ০০টা থেকে দুপুর ১ঃ০০টা পর্যন্ত
ছ) কোটা তালিকায় নির্বাচিত প্রার্থীদের নিবন্ধন	ঃ ২৪/০১/২০১৭ খ্রিঃ সকাল ১০ঃ৩০টা থেকে ১১ঃ৩০টা পর্যন্ত
জ) কোটা তালিকায় নির্বাচিত প্রার্থীদের ভর্তি	ঃ ২৪/০১/২০১৭ খ্রিঃ সকাল ১২ঃ০০টা থেকে দুপুর ১ঃ০০টা পর্যন্ত
ঝ) ক্লাশ শুরু	ঃ ২৭/০১/২০১৭ খ্রিঃ

(বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সনদপত্রের সত্যায়ন প্রাপ্তি সাপেক্ষে ভর্তি চূড়ান্ত হবে)

১৩। ডিসিপ্লিন কর্তৃক নির্ধারিত সংখ্যক শিক্ষার্থী প্রাপ্তি সাপেক্ষে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১৪। ভর্তি বিষয়ক যে কোনো নিয়ম-কানুন পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের ক্ষমতা খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বি. দ্র. এম এ ইন ইংলিশ ল্যাংগুয়েজ (শিক্ষাবর্ষ ২০১৪-১৫, ২য় ব্যাচ) এর ভর্তির জন্য যে সকল প্রার্থী আবেদন করেছিলেন তাদের পূনরায় আবেদনের প্রয়োজন নেই। যোগ্যপ্রার্থীর তালিকায় নাম অন্তর্ভূক্ত হলে ভর্তি পরীক্ষায় তারা অংশগ্রহণ করতে পারবেন। সম্প্রতি ইউজিসি কর্তৃক যে সকল বিশ্ববিদ্যালয়ের সনদ অবৈধ ঘোষিত হয়েছে সে সকল প্রতিষ্ঠানের সনদধারীদের আবেদন গৃহীত হবে না।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. সাবিহা হক)

প্রধান, ইংরেজি ডিসিপ্লিন

ও

সভাপতি

এম এ ইন ইংলিশ ল্যাংগুয়েজ ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ ২০১৫-১৬, ১ম ব্যাচ)

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা- ৯২০৮